□□ ইবনে আরাবী সেই লোক □□□ □□□□ শায়খে আকবর (অর্থাৎ বড় উস্তাদ বা পীর) বলে □□□। দুঃখের ব□□ জাকারিয়া কান্ধলভী তার ফাযায়েলে আমল কিতাবে লিখেছেন, "শায়খে আকবর (অর্থাৎ ইবনে আরাবী) লিখেছেন, - - - - - তাহার (পীরের) সম্মুখে মুর্দার মত হইয়া থাক, - - - - - - - - - - কামেল মোর্শেদ তালাশ করিতে সচেষ্ট হও, তিনি তোমাকে আল্লাহর সান্নিধ্যে পৌছাইয়া দিবেন।" (জাকারিয়া কান্ধলভী, ফাযায়েলে আমল, ফাযায়েলে তাবলীগ অংশ, তাবলীগী কতুবখানা, ২০০৯, পৃষ্ঠা ৩৪; ফাযায়েলে আমলের ইংরেজি অনুবাদে এই অংশ অনুবাদ করা হয় নি।)
শায়খ মহিউদ্দিন ইবনে আরাবী বলেন, "আমি শাবান মাসে দুইবার লাইলাতুল কদর পেয়েছি"। (জাকারিয়া কান্ধলভী, ফাযায়েলে আমল, ফাযায়েলে রমজান অংশ, তাবলীগী কতুবখানা, ২০০৯, পৃষ্ঠা ৪২৪)

৩. জাকারিয়া সাহারানপুরী□ ফাযায়েলে হজ্জ কিতাবে লিখেছেন, এক যুবক দরবেশ বলেছে, লোকজন রাজ্জাকের বান্দার কাছে হাদীছ শুনিতেছে আর এখানে

স্বয়ং রাজ্জাক হইতে আমি হাদীছ শুনিতেছি। (জাকারিয়া কান্ধলভী; ফাযায়েলে হজ্জ, তাবলীগী কতুবখানা, ২০০৯, পৃষ্ঠা ১৩৮) ঐ যুবক দরবেশ কি মূসা (আ:) এর মর্তবা হাসিল করেছিল?

৪. নবী (স.) নাকি বলেছেন, “আরশের সম্মুখে একটি নূরের খুটি আছে। যখন কেউ কালেমা তাইয়েবা পড়ে তখন তা দুলতে থাকে। আল্লাহ বলেন, স্থির হও - - - -” ([illegible], ফাযায়েলে আমল, ফাযায়েলে জিকির অংশ, তাবলীগী কতুবখানা, ২০০৯, পৃষ্ঠা ২৮৬) হাদীসটি জাল; [illegible] হাদীসটি [illegible] থেকে এটি বর্ণনা ব[illegible] দুর্বল রাবী।

৫. ইবরাহীম খাওয়াছ বলেন, জীবিকা অর্জনের উদ্দেশ্যে আমি মাছ ধরতে গেলাম। পহেলা বারে যেই একটি মাছ এল আমি তা রেখে দিলাম। দোসরা বারে যেই মাছ এল তা ছেড়ে দিয়ে বাড়ি ফিরলাম। এমন সময় অদৃশ্য থেকে আওয়াজ শুনলাম, “আমার জিকির করে যে তাকে কতল না করলে কি তোমার রিজিক হয় না? এর পর আমি আর কোন দিন মাছ ধরি নাই।” এই কেসসা বয়ান করে ইমাম ইবনুল জাওযী (রহ:) [মৃত্যু ৫৯৭ হিজরী] বলেন, এই কাহিনী যদি সত্য হয় তবে এই আওয়াজ ছিল ইবলীসের। আল্লাহ শিকার করা মোবাহ (নির্দোষ) করেছেন। নির্দোষ কাজে দোষারোপ কেন করবেন? আল্লাহর জিকির করে বলে আমরা যদি শিকার না করি, গবাদি পশু যবেহ না করি তবে আমরা শরীরের শক্তি কিভাবে পাব? মাছ ধরা ও গবাদি পশু যবেহ করা থেকে বিরত থাকা ব্রাহ্মণদের মাযহাব। দেখুন জাহেলরা কী বলে এবং ইবলীস কিভাবে কাজ করে! (তালবীছু ইবলীস, ইমাম ইবনুল জাওযী, দারুল হাদীস, কায়রো, পৃষ্ঠা ২৯৩)

রসূল (সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়া সাল্লাম) সম্পর্কে মিথ্যা

হাদীছ যাচাই না করে হাদীছ বর্ণনা করা ফাছেকী কাজ।

১. নবী (স)এর কাছ থেকে সাহায্য লাভের কেসসা

জাকারিয়া কান্ধলভী তার ফাযায়েলে দরূদ শরীফ কিতাবে নিচের কেসসাটি লিখেছেন,

মেরে মা’ওয়া-এ-দারাইন!

(জাকারিয়া কান্ধলভী, ফাযায়েলে ছাদাকাত, ২য় খণ্ড, উর্দু, ফরিদ বুক ডিপো, নয়া দিল্লী, পৃষ্ঠা ৪০৯)

হে আমার দুই জাহানের আশ্রয়স্থল!

(জাকারিয়া কান্ধলভী, ফাযায়েলে ছাদাকাত, ২য় খণ্ড, তাবলীগী কতুবখানা, ২০০৭, পৃষ্ঠা ৩৭০)

* মাওয়া শব্দ দ্বারা যদি আশ্রয়স্থল বুঝানো হয় তবে আখিরাতে আশ্রয়স্থল হয় জান্নাত বা জাহান্নাম। আর যদি মাওয়া শব্দ দ্বারা যদি আশ্রয়দাতা বুঝানো হয় তবে আশ্রয়দাতা আল্লাহ ছাড়া কেউ হতে পারেন না।

মহান আল্লাহ বলেন, তিনি (আল্লাহ) সকলকে আশ্রয় দেন, তার উপর কোন আশ্রয়দাতা নেই। (কুরআন ২৩:৮৮)

৫. সুফীদের অনেকে ছামা (বাদ্যসহ গজল) কে হালাল মনে করেন

সুফীদের অনেকে ছামা (বাদ্যসহ গজল)-কে ইবাদত মনে করেন। গাজালী তার কিমিআয়ে সাআদাত কিতাবে ছামা নামে একটি অধ্যায় লিখেছেন এবং একে উপকারী বলেছেন। আজমীরে মঈনুদ্দীন চিশতী সাহেবের কবরে, দিল্লীতে নিজামুদ্দীন সাহেবের কবরে বাদ্যসহ কাওয়ালী গাওয়া হয় যাতে শিরকী কথাও থাকে।

বিদআত

মহান আল্লাহ বলেন, “আজ তোমাদের জন্য তোমাদের দীনকে পরিপূর্ণ করে দিলাম।” (৫:৩)

নবী (সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়া সাল্লাম) বলেন: **“যা কিছু জান্নাতকে কাছে আনে এবং যা কিছু জাহান্নামকে দূরে ঠেলে তার সবই তোমাদেরকে বয়ান করা হয়েছে কিছুই বাকী রাখা হয় নি।”** (তাবারানী, হাকিম, মাকদিসী, হায়ছামী; সহীহ)

নবী (স.) বলেছেন: **“যে বিদআতীকে সাহায্য করে তার উপর আল্লাহ রাগান্বিত হন।”** (মুসলিম)

নবী (স.) বলেছেন: **“আমাদের কর্ম যা নয় এমন কোন কর্ম যদি কেউ করে, তার কর্ম প্রত্যাখ্যাত হবে”**। (মুসলিম)

এ ধরণের আমলকেই বিদআত বলা হয়। বিদআত করলে আল্লাহ যে নবী (স.)-এর মাধ্যমে ইসলামকে পূর্ণ করেছেন - তাতে সন্দেহ বা অবিশ্বাস করা হয়। মুআমালাতের ক্ষেত্রে কোন জিনিস (যেমন খাদ্য, পানীয়, পোশাক, যানবাহন ইত্যাদি) সম্পর্কে কুরআন ও হাদীসে নিষেধাজ্ঞা না থাকলেই তা জায়েয। কিন্তু ইবাদতের ক্ষেত্রে কোন আমল সম্পর্কে কুরআন ও হাদীসে নিষেধাজ্ঞা না থাকলেই তা জায়েয হবে না; বরং তা জায়েয হওয়ার জন্য অনুমোদন লাগবে।

নবী (সাল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম) বলেন, **"তোমরা দুনিয়া তলবের ক্ষেত্রে সাধুতা এখতিয়ার কর।"** (ইবনে মাজাহ)
নবী (স.) বলেছেন, **"দুনিয়ার ব্যাপারে নির্লোভ হও, আল্লাহ তোমাকে মহব্বত করবেন।"** (ইবনে মাজাহ, হাদীসটির সনদ হাসান)
নবী (স.) বলেছেন, **"যদি তুমি তোমার মালের যাকাত আদায় কর তাহলে নিজ থেকে তার ক্ষতিকে তুমি দূর করে দিলে।"** (হাকিম)

নবী (স.) বলেছেন, **"তোমার ওয়ারিছদেরকে ধনী রেখে যাওয়া উত্তম ঐ অবস্থার চেয়ে যে তারা দরিদ্র হয়ে লোকের কাছে হাত পাতে।"** (বুখারী, মুসলিম)

কা'ব বিন মালিক (রাযিআল্লাহু 'আনহু) তার তামাম মাল দান করতে চাইলে নবী (স.) বললেন, **"তোমার মালের কিছু রেখে দাও; তোমার জন্য ভালো হবে।"**(বুখারী, মুসলিম)

নবী (স.) বলেছেন, **"তোমরা ছাগল পালন কর; ওতে বরকত আছে।"** (ইবনে মাজাহ)

কিন্তু সুফীরা তাকীদ দেয়ঃ মাল একদমই জমা করা যাবে না, ভুকা থাকতে হবে, খুব কম খেতে এবং জীর্ণ কাপড় পড়তে হবে। এগুলি সুফীদের বাড়াবাড়ি। বরং সুন্নত মাফিক খেতে-পরতে হবে।

ইমাম ইবনুল জাওযী (রহ:) বলেন, হালাল উপায়ে মাল জমা করা মোবাহ (জায়েজ)- এ ত ইজমা। মোবাহ কাজে কেন ভয় থাকবে? শরীয়তের অভিমত কি এই যে যাকে মোবাহ বলবে তাকেই আবার শাস্তির কারণ বলবে? (তালবীছু ইবলীস, ইমাম ইবনুল জাওযী, দারুল হাদীস, কায়রো, পৃষ্ঠা ১৮৬)

ইবনুল জাওযী (রহ:) বলেন, আকছার সাহাবা মাল উপার্জন করেছেন এবং রেখে গেছেন। যেমন সাহাবী ইবনে মাসউদ (রাযিআল্লাহু 'আনহু) ৯০০০ দিরহাম রেখে গেছেন। মশহুর তাবেঈ ছুফিয়ান ছওরী (রহ:) ২০০ দিরহাম রেখে গেছেন। (তালবীছু ইবলীস, পৃষ্ঠা ১৮৬)
একদা নবী (স.) তার এক সাহাবীকে বলেছেন, **"আল্লাহ যখন তোমাকে সম্পদ দান করেছেন তখন ধনাঢ্যতা প্রকাশ্য রাখ।"** (আবু দাউদ)

৪. পীরের ভক্তিতে বাড়াবাড়ি

সুফীরা পীরকে ভক্তি করতে গিয়ে বাড়াবাড়ি করে ফেলে। রশীদ আহমদ গঙ্গোহী [৩] তার পীর হাজী এমদাদ উল্লাহ মুহাজিরে মক্কীকে এভাবে সম্বোধন করেছেন:

[৩] রশীদ আহমদ গঙ্গোহীর মুরীদ খলীল আহমদ সাহারানপুরী এবং খলীল আহমদ সাহারানপুরীর মুরীদ আকতার ইলিয়াস ও জাকারিয়া কান্ধলভী।


কাজ সম্পাদন করেন। আমি বলিলাম তোমার এই দরূদ পড়ার ভেদ কি? সে বলিল আমার মায়ের সহিত হজ্বে গিয়াছিলাম। পথিমধ্যে আমার মা মারা যান। তাহার মুখ কালো হইয়া যায় এবং পেট ফুলিয়া যায়। মনে হইল তিনি বহুত বড় পাপ করিয়াছেন। তাই আমি আল্লাহর দরবারে হাত উঠাইলাম। তখন দেখিলাম যে হেজাজের দিক হইতে একটা মেঘ খন্ড আসিল আর সেখান হইতে একজন লোক জাহের হইল তিনি আমার মায়ের মুখে হাত ফিরাইলেন যদ্বারা তাহার মুখ রওশন হইয়া গেল এবং পেটে হাত ফিরাইলেন যাদ্বারা ফুলা একেবারেই চলিয়া গেল। আমি আরজ করিলাম আপনি কে যাঁহার উছিলায় আমার মায়ের মছিবত কাটিয়া গেল।
ফাজায়েলে দরূদ শরীফ ১২৭
তিনি বলিলেন আমি তোমার নবী মোহাম্মদ ছাল্লাল্লাহু আলাইহে অছাল্লাম।

(জাকারিয়া সাহারানপুরী, ফাযায়েলে দরূদ শরীফ, তাবলীগী কতুবখানা, ১৯৯২, পৃষ্ঠা ১২৬-১২৭)

এটা একটা মিথ্যা কাহিনী অথবা শয়তানের কারসাজি। এমন কাহিনীর প্রতি বিশ্বাস করলে শিরক হবে।

এখানে নবী (স.) এর উপর অপবাদ দেয়া হয়েছে। **নবী (স.) কি কখনও বেগানা নারীর মুখে ও পেটে হাত বুলাতে পারেন?** জাকারিয়া কান্ধলভী তো বলেছেন নবী (স.) এর জীবিত ও মৃত অবস্থার মধ্যে কোন পার্থক্য নেই। (ফাযায়েলে হজ্জ)

২. নবী (স)এর কাছ থেকে সাহায্য লাভের আরেকটি কেসসা

জাকারিয়া কান্ধলভী তার ফাযায়েলে দরূদ শরীফ কিতাবে নিচের কেসসাটি লিখেছেন,



রহস্যের কথা বর্ণনা করিতাম না। তারপর লোকটি বলিতে লাগিল আম এবং আমার পিতা হজ্জে রওয়ানা হইয়াছিলাম, পথি মধ্যে পিতার এন্তেকাল হইয়া গেল। তাহার চেহারা কালো হইয়া গেল আর আমি পেরেশান হইয়া তাহার চেহারা কাপড় দিয়া ঢাকিয়া রাখিলাম। ঐ সময়ে আমার নিদ্রা আসিয়া যায়।

আমি স্বপ্নে দেখিতে পাই যে একজন অপূর্ব সুন্দর লোক, তাহার মত এত সুন্দর পুরুষ আমি জীবনে কখনও দেখি নাই এবং তাহার মত পরিষ্কার পোশাক আমি ইতিপূর্বে আর দেখি নাই এবং তাঁহার চেয়ে অধিক খুশবু ওয়ালা আমি আর কখনও দেখি নাই। তিনি খুব দ্রুত কদমে আসিয়া আমার পিতার চেহারা হইতে কাপড় হটাইয়া উহাতে আপন হাত ফিরাইয়া দেন, যাহাতে পিতার চেহারা সাদা হইয়া যায়, তিনি ফিরিয়া যাইবার সময় আমি তাঁহার আঁচল ধরিয়া জিজ্ঞাসা করিলাম, খোদা আপনার উপর রহম করুক আপনি কে? আপনার উছিলায় এই পরদেশে আল্লাহ পাক আমার পিতার উপর রহম করিয়াছেন। তিনি বলিলেন তুমি আমাকে চিন না? আমি মোহাম্মদ এবনে আবদুল্লাহ যাহার উপর কোরান অবতীর্ণ হইয়াছে। তোমার পিতা বহুত বড় পাপী ছিল কিন্তু আমার উপর বেশী বেশী করিয়া দরূদ পাঠ করিত। বিপদের সময় আমি আজ তাহার সাহায্য করিলাম। এইভাবে যেই ব্যক্তিই আমার উপর দরূদ পাঠ করে আমি তাহার সাহায্য করিয়া থাকি।

(জাকারিয়া কান্ধলভী, ফাযায়েলে দরূদ শরীফ, তাবলীগী কতুবখানা, ১৯৯২, পৃষ্ঠা ১২২)

এটা একটা মিথ্যা কাহিনী অথবা শয়তানের কারসাজি। এমন কাহিনীর প্রতি বিশ্বাস করলে শিরক হবে।

আল্লাহ বলেন, আল্লাহ তোমার কোন ক্ষতি করলে তিনি ছাড়া কেউ তা সরাতে পারে না। (কুরআন ৬:১৭) এছাড়াও নবীর ওফাতের পর তার পক্ষে কোথায় কে বিপদে পড়ল তা জানা ও সেখানে হাজির হয়ে সাহায্য করা সম্ভব নয়।

৩. নবী (স)এর কাছে সাহায্য চাওয়া

জাকারিয়া কান্ধলভী তার ফাযায়েলে দরূদ শরীফ কিতাবে বিদআতী সুফী মওলানা জামীর কবিতা মছনবীয়ে জামী থেকে নকল করেছেন, জামী নবী (স) কে ডেকে বলছে: *দুর্বল ও অসহায়দেরকে সাহায্য করুন*

(জাকারিয়া কান্ধলভী, ফাযায়েলে দরূদ শরীফ, তাবলীগী কতুবখানা,১৯৯২, পৃষ্ঠা ১৪৩)

আল্লাহ ছাড়া অন্য কারো কাছে সাহায্য চাওয়া শিরক। আল্লাহ বলেন, সাহায্য কখনই আসতে পারে না আল্লাহ ছাড়া অন্য কারও থেকে। (কুরআন ৮:১০)
নবী (স.) বলেন, **দোয়া হচ্ছে ইবাদত**। (তিরমিযী, আবু দাউদ)

ছিলেন। তিনি তা থেকে তওবাহ করেন এবং না-সুফী আহলে সুন্নাহ পথে ফিরে আসেন। তিনি তার **আফকারুস সুফিয়্যাহ** কিতাবে □□□□-□□□□, জাযুলী, বুসিরীসহ সুফীদের সমালোচনা করেছেন।[5]

সুফীদের বিশ্বাস

১. সুফীরা বাতেনী এলেমে বিশ্বাস করে যা সিনা-ব-সিনা (সিনা-থেকে-সিনায়) স্থানান্তরিত হয়। ইমাম ইবনুল জাওযী (রহঃ) বলেন, ইসলামে বাতেনী এলেম বলে কিছু নেই। সিনা-ব-সিনা মেজাজ বা মনোভাব স্থানান্তরিত হয়। তাই আমরা বিদআতীদেরকে এড়িয়ে চলি। তবে সিনা-ব-সিনা (সিনা-থেকে-সিনায়) এলেম স্থানান্তরিত হওয়া আমরা বিশ্বাস করি না । নবী (স.) বলেন, **"এলেম হাসিল হয় শিক্ষাগ্রহণের (তাআল্লুম) দ্বারা।"** (তারীখে খতীব; সনদ হাসান)
তাআল্লুম বলতে কারো কাছ থেকে দরস নেয়া বুঝায়, আবার নিজে নিজে কিতাব পড়াও বুঝায়।

নবী (স.) বলেন, **"বিস্ময়কর ঈমানদার ঐ লোকেরা যারা তোমাদের পরে আসবে। তারা কিতাব ও সহীফায় লিখিত দেখে ঈমান আনবে।"** (□□□□)
ইসলামের তরীকা একটি; তা হল নবী (স.)-এর তরীকা। কোন তরীকার প্রয়োজন নাই রসূল (স.)এর তরীকার পর। অথচ সুফীদের মতে কোন একটি নির্দিষ্ট তরীকা অবলম্বন করতে হবে। যেমন: কাদেরিয়া তরীকা, চিশতীয়া তরীকা, নকশবন্দীয়া তরীকা।

২. সুফীরা বলে জান্নাতের লোভ ও জাহান্নামের ভয়ে নয় কেবল আল্লাহর মহব্বতে নেক আমল করতে হবে। যেমন জাকারিয়া কান্ধলভী লিখেছেন, ইবরাহীম আদহাম বলেন, দুনিয়া ও আখিরাতের কোন কিছুর প্রতিই লোভ করবে না। নিজেকে শুধু আল্লাহর জন্য খাস করে নাও।" (জাকারিয়া কান্ধলভী, ফাযায়েলে ছাদাকাত, ২য় খণ্ড, তাবলীগী কতুবখানা, ২০০৭, পৃষ্ঠা ৪৭৮) এটা কুরআনের বিপরীত শিক্ষা। কুরআনে জান্নাতের লোভ ও জাহান্নামের ভয় দেখানো হয়েছে। নবী ও সাহাবীগণ জান্নাত চাইতেন। তারা কি আল্লাহর ওলী ছিলেন না?

৩. দুনিয়াবিমুখতার ক্ষেত্রে সুফীরা বাড়াবাড়ি করে

মহান আল্লাহ বলেন, "আল্লাহ তোমাকে যা দিয়েছেন তা দিয়ে তুমি আখিরাতের নিবাস তালাশ কর আর দুনিয়ায় তোমার অংশের কথা ভুলে যেও না।" (২৮:৭৭)

---

[৫] মুহম্মদ বিন জামিল জাইনু (রহঃ) হানাফী মাযহাব ও শাযিলিয়াহ তরীকা অনুসরণ করতেন। আফকারুস সুফিয়্যাহ কিতাবটি সুফিবাদের স্বরূপ নামে বাংলা ভাষায় তরজমা হয়েছে। জাযুলী, বুসিরী দুজন শাযিলিয়াহ তরীকার পীর ছিলেন। জাযুলী দালায়েলুল খায়রাতের লেখক। বুসিরী কাসীদায়ে বুরদার লেখক। মুহম্মদ বিন জামিল জাইনু (রহঃ) দেখিয়েছেন দুটি কিতাবেই শিরক আছে।

গাজালী সুফীদের সমর্থনে ইহইয়া উলুমিদ্দীন ও কিমিআয়ে সাআদাত কিতাব লেখেন।[4] গাজালী (ম. ৫০৫ হিজরী) ছিলেন একজন গায়ের-মুকাল্লিদ সুফী। তিনি সুফী থাকাকালেও চার মাযহাবের কোনটিকেই মানতেন না। তবে তিনি শেষ জীবনে সুফীবাদ ছেড়ে আহলে হাদীস আকীদা গ্রহণ করেন। তিনি "ইলজামুল আওয়াম আন ইলমিল কালাম" কিতাবে জনগণকে কুরআন ও সুন্নতের পথে ফিরে আসতে আবেদন জানান। আলী ক্বারী লিখেছেন, গাজালী মারা গেলেন - তখন তার বুকে ছিল সহীহ বুখারী। (শরহে ফিক্বহে আকবার)

ইমাম ইবনুল জাওযী (রহঃ) বলেন, "শুরুর দিকের সুফী সম্প্রদায় কুরআন ও সুন্নতের ব্যাখ্যার উপর নির্ভর করতেন। কিন্তু তাদের কম এলেমের দরুন শয়তান তাদেরকে ধোকায় ফেলে।" (তালবীছু ইবলীস, পৃষ্ঠা ১৭৩)
ইবনুল জাওযী (রহঃ) বলেন, "আল্লাহ জানেন ভুলকারীর ভুল বর্ণনার ক্ষেত্রে আমাদের মাকসাদ শরীয়তকে ভেজালমুক্ত করা। এটা এলেমের আমানতদারি। ভুলকারীর ভুল এজহার করা আমাদের মাকসাদ নয়। - - - - - - - - জাহেলের এই কথার কোন মূল্য নেই ঃ- অমুক অমুক বিশিষ্ট দুনিয়াবিমুখ ব্যক্তির সমালোচনা কিভাবে করা যায়? শরীয়তের অনুসরণ করতে হবে, ব্যক্তির নয়। আওলিয়া ও জান্নাতবাসীগণ তো মানুষের মধ্য থেকেই আর তাদের ভুল হতেই পারে। তাদের বিচ্যুতি বয়ান করাতে তাদের মর্যাদা নষ্ট হয় না।" (তালবীছু ইবলীস, ইমাম ইবনুল জাওযী, কায়রো, পৃষ্ঠা ১৭৪-১৭৫)
মুহম্মদ বিন জামিল জাইনু (রহঃ) (মওত ২০১০ ঈসায়ী) নিজেই একজন সুফী

[4] ইহইয়া উলুমিদ্দীন ও কিমিআয়ে সাআদাত কিতাব দুটিতে অনেক জাল ও জঈফ হাদীস আছে। আব্দুল ওয়াহহাব সুবকী (রহঃ) (মওত ৭৭১ হিঃ) একটি কিতাব লেখেন যার নাম আল-আহাদীসুল্লাতী লা আসলা ফী কিতাবিল ইহইয়া (ইহইয়া কিতাবের হাদীস যার কোন আসল নেই)। জয়নুদ্দীন ইরাকী (রহঃ) (মওত ৮০৬ হিঃ) ইহইয়া উলুমিদ্দীনে উল্লেখিত হাদীসসমূহের তাহকীক ও এসতেলাহ (সহীহ, যঈফ, জাল ইত্যাদি শ্রেণীতে বিভাজন) করে একটি কিতাব লেখেন যার নাম তাখরীজু ইহইয়া।
ইমাম ইবনুল জাওযী (রহঃ) তার তালবীছু ইবলীস, ইলামুল আহইয়া বি আগলাতিল ইহইয়া, কিতাবুল কুসসাস এবং আল মুনতাজাম ফী তারিখ -এই চারটি কিতাবে গাজালী ও সুফীদের সমালোচনা করেছেন। ইবনুল জাওযী (রহঃ) বলেন, "গাজালী সুফীদের তরীকার উপর ইহইয়া কিতাব লেখেছেন এবং তাকে বাতিল হাদীস দিয়ে ভর্তি করেছেন।" (তালবীছু ইবলীস, পৃষ্ঠা ১৭২)

মহান আল্লাহ বলেন, কেউ আল্লাহর সাথে শিরক করলে আল্লাহ তার জন্য জান্নাত হারাম করবেন এবং তার ঠিকানা হবে জাহান্নাম। (কুরআন ৫:৭২)
আল্লাহ শিরক মাফ করেন না, তবে শিরক ছেড়ে তওবা করলে মাফ করেন। আল্লাহ ছাড়া অন্য কাউকে ডাকা বা কারো কাছে সাহায্য চাওয়া শিরক।
মহান আল্লাহ বলেন, "আল্লাহকে ছাড়া তোমরা যাদেরকেই ডাক তারা তোমাদের মতই বান্দা। তাদেরকে ডেকেই দেখ তারা তোমাদের দোয়ার জওয়াব দিক না যদি তাদের সম্পর্কে তোমাদের ধারণা সত্য হয়।" (কুরআন ৭:১৯৪)
আল্লাহ বলেন, "তার চেয়ে বেশি পথভোলা কে, যে আল্লাহকে বাদ দিয়ে কাউকে ডাকে যে তার দোয়ার জওয়াব দেবে না কিয়ামত দিবস পর্যন্ত?" (কুরআন ৪৬:৫)

৪. গাছের তলায় বান্ধা হরিণী নবীকে দেখে
কোন কোন ওয়ায়েয বয়ান করেন: একদিন নবী মোস্তফায় রাস্তা দিয়া হাইটা যায়, হরিণ একটি বান্ধা দেখেন গাছের তলায়। নবীকে দেখে হরিণী কান্দিয়া বলে তখনই, শুনেন নাবী গুণমনি আরয আপনার পায় .....। মিথ্যা কেস্সা।

৫. আহমদ কবীর রেফায়ী নামক সুফী নবী (স.)এর কবরের পাশে সালাম দিলে তার সাথে মুসাফাহা করার জন্য কবর থেকে হাত বের হয়ে এসেছিলো। (জাকারিয়া সাহারানপুরী; ফাযায়েলে হজ্জ, পৃষ্ঠা ১৪১) এটা একটা মিথ্যা কাহিনী। এ ধরনের ঘটনা যদি সম্ভব হতো তাহলে কোন না কোন সাহাবীর জীবনে তা একবার হলেও ঘটতো।

কতিপয় মিথ্যা হাদীছ

১. নবী (স.) নাকি বলেছেন, "শিশুরা যখন কথা বলতে শিখে তখন পহেলা তাকে কালিমা শিক্ষা দাও। - - - - - - -(ফাযায়েলে আমল, ফাযায়েলে জিকির অংশ, তাবলীগী কতুবখানা, ২০০৯, পৃষ্ঠা ৩১২) জাকারিয়া কান্ধলভী সাহারানপুরী নিজেই লিখেছেন হাদীসটি মওযু (موضوع) বা জাল।
২. নবী (স.) নাকি বলেছেন, "শয়তান বলে আমি মানুষকে পাপের দ্বারা ধ্বংস করি - - - - (ফাযায়েলে আমল, ফাযায়েলে জিকির অংশ, তাবলীগী কতুবখানা, ২০০৯, পৃষ্ঠা ২৯৪। হাদীসটি জাল।)
৩. নবী (স.) নাকি বলেছেন, "দুনিয়ার মহব্বত সকল পাপের মূল।"(জাল হাদীস)
৪. হুজুরে পাক (স) এর **মলমূত্র**, রক্ত সব কিছুই পবিত্র। (ফাযায়েলে আমল, হেকায়েতে সাহাবা, পৃষ্ঠা ৬১০) ভুল কথা।

৫. নবী (স.) নাকি বলেছেন, "সূরা ইয়াসীনকে তাওরাতে মোয়াম্মা বলা হয়েছে।" (ফাযায়েলে আমল, ফাযায়েলে কোরআন অংশ, তাবলীগী কতুবখানা,

২০০৯, পৃষ্ঠা ১৮৬) জাল হাদীস; মিথ্যুক বর্ণনাকারী আহমদ বিন হারুন দ্বারা বর্ণিত।

৬. নবী (স.) নাকি বলেছেন, “এক মুমিনের লালা অন্য মুমিনের শেফা।” জাল হাদীস লালা দ্বারা Influenza, Mumps, Cold Sore, Tuberculosis ইত্যাদি রোগ ছড়ায়।

৭. নবী (স.) নাকি বলেছেন, “কেউ এক ওয়াক্ত নামাজ কাজা পড়লে এক হোকবা জাহান্নামে জ্বলবে।” (মাজালিছুল আবরার, ফাযায়েলে আমল, ফাযায়েলে নামাজ অংশ, তাবলীগী কতুবখানা, ২০০৯, পৃষ্ঠা ৭৬) জাল হাদীস; জাকারিয়া কান্ধলভী সাহারানপুরী নিজেই বলেছেন, কোন হাদীছ কিতাবেই এই কথা খুজে [illegible]। সুফীদের কিতাব মাজালিছুল আবরার থেকে এই কথা নকল করা হয়েছে।

৮ [illegible] ([illegible].) [illegible] সম্পর্কিত হ[illegible]

[illegible] ([illegible].) [illegible] জন [illegible] সুখবর সম্পর্কিত [illegible] পর্য়ায়ের। ন[illegible] ([illegible].) [illegible] তারজীবদ্দশায় [illegible] মর্যাদা সম্পর্কিত [illegible] দুর্বল। [illegible] ত্যাগকারীর প্রতি অসন্তুষ্টি প্রকাশের অর্থে বর্ণিত [illegible]। ([illegible], পৃষ্ঠা ৪৬৩-৪৭৪)

৯ উম্মতে [illegible]

সুবকী [illegible], মুহাদ্দিসগণের ক[illegible] এটি [illegible]। [illegible] কোনই [illegible]।

সাহাবীগণ সম্পর্কে মিথ্যা

আবু বকর ও উমর (রাযিআল্লাহু ‘আনহুমা) সম্পর্কে মিথ্যা

একদল লোক বর্ণনা করেছে: কিয়ামত দিবসে আবু বকরকে বলা হবে তুমি জান্নাতের দুয়ারে দাঁড়াও। যাকে ইচ্ছা আল্লাহর রহমতে দাখিল করাও, আর যাকে ইচ্ছা আল্লাহর এলেম অনুযায়ী বাধা দাও। উমরকে বলা হবে তুমি মীযানের কাছে দাঁড়াও যাকে ইচ্ছা আল্লাহর রহমতে তার ওজন বেশি করে দাও আর যাকে ইচ্ছা তার ওজন কম করে দাও। জালালুদ্দীন ছুয়ূতী তার কিতাবে উল্লেখ করেছেন, তবে বর্ণনাটির সনদগুলি সহীহ নয়। ইমাম ইবনুল জাওযী এ হাদীসটিকে জাল হাদীসের মধ্যে শামিল করেছেন।

যায়নাব (রাযিআল্লাহু ‘আনহা) সম্পর্কে মিথ্যা

অনেক ওয়ায়েযকে বলতে শুনি: একদিন উসমান (রা.) বাড়িতে তামদারীর ইন্তেযাম করা হয়েছিল যেখানে আরবের সকলকে দাওয়াত করা হয়েছিল, কিন্তু ফাতিমাহ্ (রা.) দরিদ্র্য ছিলেন বলে উসমান (রা.)-এর পত্নী যায়নাব (রা.)

সুফীদের বাতিল মতবাদের প্রতিবাদ করেছেন।

সুফী হারেছ মুহাছেবী কালাম শাস্ত্র ও সিফাত সম্পর্কে আপত্তিকর আলোচনা করলে ইমাম আহমদ বিন হাম্বল (রহঃ) [মৃত্যু ২৫৩ হিজরী] তার সাথে সম্পর্ক ছিন্ন করেন।

ইমাম আহমদ বিন হাম্বল (রহঃ) বলেন, হারেছ মুহাছেবী থেকে দূরে থাক। সে সমস্ত বিপদের মূল।” (তালবীছু ইবলীস, ইমাম ইবনুল জাওযী, দারুল হাদীস, কায়রো, পৃষ্ঠা ১৭৩)

সুফী জুননুন মিসরী যখন এমন কথা বলে যা পূর্ববর্তী বুযুর্গদের কেউ বলেন নি তখন মিশরের আলেমগণ তার সঙ্গ ত্যাগ করেন এবং শেষতক যিনদীক (বিধর্মী) খেতাব দেন। (তালবীছু ইবলীস, কায়রো, পৃষ্ঠা ১৭৩)

সুফী আবু সুলায়মান দারানী বলেছিলেন, তিনি ফেরেশতাদেরকে দেখতে পান এবং তাদের সাথে কথা বলেন। তখন আলেমগণ তাকে দামেশক থেকে বের করে দেন। (তালবীছু ইবলীস, কায়রো, পৃষ্ঠা ১৭৩)

সুফী ছহল তস্তুরী বলেন যে ফেরেশতা, জিন্ন ও শয়তানগণ তার কাছে আসে এবং তিনি তাদের সাথে কথা বলেন। তখন তাকে তাড়িয়ে দেয়া হয় এবং তিনি বসরায় যেয়ে মওতবরণ করেন। (তালবীছু ইবলীস, কায়রো, পৃষ্ঠা ১৭৩)

সুফী হাতেম আসেম রায় শহরের কাজী, কাজভীন শহরের কাজী ও মদীনার জনগণকে দালান বাড়িতে থাকার জন্য ভর্ৎসনা করে। (জাকারিয়া কান্ধলভীর ফাযায়েলে ছাদাকাত বাংলা অনুবাদের ৩২৪-৩২৬ তম পৃষ্ঠায় কাহিনী বর্ণনা করা হয়েছে।) এই তিনটি ঘটনাই ইমাম ইবনুল জাওযী তার তালবীছু ইবলীস কিতাবে (আরবী পৃষ্ঠা ১৬৪-৬৬, হক লাইব্রেরীর বাংলা অনুবাদ পৃষ্ঠা ১১৭-১২০) বর্ণনা করেছেন এবং মন্তব্য করেছেন, এই জাহেল দরবেশগণ আলেমদের প্রতি যে বেআদবী করে তা সত্যই পরিতাপের বিষয়। - - - - - হাতেম আসেম বরাবর মোবাহ (জায়েজ) বিষয়কে নিন্দা করেছে। মোবাহকে শরীয়ত অনুমোদন দিয়েছে- ওর জন্য আযাব হবে না।

অকল্যাণ আসবে। নেতারাই থাকবে জাহান্নামের দরজায়। যারা তাদের এত্তেবা করবে তাদেরকে তারা জাহান্নামের পৌঁছে দেবে। সে সব লোক আমাদর মধ্য থেকেই হবে এবং আমার ভাষায় কথাবার্তা বলবে।" (বুখারী, মুসলিম) লোকে আমার সুন্নতকে ছেড়ে দিয়ে অন্য সুন্নত ধরে বলবে এটা আমার সুন্নত।" - এর উদাহরণঃ ওজু করার সময় ঘাড় মাসেহ করা, ওজুর পর সুরা কদর পড়া, দুই হাতে মুসাফাহা করা, কুলুখ নিয়ে হাটাহাটি করা, মাগরিবের পর ছয় রাকআত সালাতকে আওয়াবীন সালাত মনে করে পড়া, ঈদে মীলাদুননবী পালন করা, চল্লিশা করা, ... ইত্যাদি।

একদা ইমাম আবু যুরআ (রহঃ) কে এক ব্যক্তি হারেছ মুহাছেবীর কিতাব সম্পর্কে জিজ্ঞাসা করল। ইমাম আবু যুরআ (রহঃ) বললেন, "ঐসব কিতাব পড়ো না। ওগুলো গোমরাহীতে ভরা। হাদীসের অনুসরণ কর। তাহলে ঐসব কিতাব পড়ার দরকার হবে না।" এক ব্যক্তি বলল, ঐসব কিতাবে ত ভালো শিক্ষা আছে।" আবু যুরআ (রহঃ) বললেন, কুরআনে যার জন্য শিক্ষা নেই ঐসব কিতাবে তার জন্য কী শিক্ষা থাকতে পারে?" (তালবীছু ইবলীস, ইমাম ইবনুল জাওযী, দারুল হাদীস, কায়রো, পৃষ্ঠা ১৭৩)

মিথ্যা ত□□□

মহান আল্লাহ বলেন, "হে ঈমানদারগণ! আল্লাহকে ভয় কর এবং সত্যবাদীদের সাথে থাক।" (তওবা ৯:১১৯)
হকপন্থী মোফাচ্ছেরগণ বলেছেন, 'কুনূ মাআস সাদিক্বীন' বলতে বুঝতে হবে সত্যবাদী হয়ে সত্যবাদীদের সাথে থাকা বা সত্যবাদীদের মধ্যে অন্তর্ভুক্ত হওয়া। কারণ এখানে মাআ (مع) শব্দটি মিন (من) অর্থ দেয়। (তাফছীরে ইবনে কাছীর, তাফছীরে ইবনে আবী হাতিম, তাফছীরে ইবনুল জাওযী)

এই আয়াত উল্লেখ করে জাকারিয়া সাহেব বলেছেন, মোফাচ্ছেরগণ সত্যবাদীদের এখানে মাশায়েখ ও ছুফিয়ায়ে কেরাম দ্বারা করিয়াছেন।" (জাকারিয়া কান্ধলভী, ফাযায়েলে আমল, ফাযায়েলে তাবলীগ অংশ, তাবলীগী কতুবখানা, ২০০৯, পৃষ্ঠা ৩৪)

বিদআতী পীর ও ছুফী মোফাচ্ছেরগণই এই তাফসীর করেছেন। সুফীদের মধ্যেই তো মিথ্যা হাদীস, মিথ্যা তাফসীর, মিথ্যা কেসসা বেশি চলে।

সুফীদের শিক্ষা কি কুরআন ও হাদীসের সাথে মেলে?

সাধারণ মুসলিমগণ সুফীদেরকে সাধু মানুষ বলে মনে করে। কিন্তু আসল কথা সুফীরা বিভিন্ন শিরকী ও বিদআতী আমলে লিপ্ত। সকল যুগেই হকপন্থী আলেমগণ

তার ছোট বোন ফাতিমাহ্ (রা.)-কে দাওয়াত করেননি। যার ফলে নাবী (সাঃ)-সহ সকলে যখন খেতে বসে তখন দেখে যে খাবার কয়লায় পরিণত হয়েছে। তখন ফাতিমাহ্ (রা.)-কে দাওয়াত করা হয়। এটা একটা মিথ্যা কেস্সা।

আব্দুর রহমান ইবনে আওফ (রাযিআল্লাহু 'আনহু) সম্পর্কে মিথ্যা

জাকারিয়া কান্ধলভী তার ফাযায়েলে ছাদাকাত কিতাবে লিখেছেন, **শায়েখ আবু আব্দুল্লাহ হারেছ মুহাছেবী** (রহ:) বলেন, -- -- - -- -- -- আব্দুর রহমান ইবনে আওফ (রা.) শুধু মালের দরুনই হাশরের ময়দানে বাধাগ্রস্ত হইয়াছেন ও ফকীর মোহাজেরদের সাথে জান্নাতে প্রবেশ করিতে পারেন নাই। (জাকারিয়া কান্ধলভী সাহারানপুরী, ফাযায়েলে ছাদাকাত, তাবলীগী কতুবখানা, ২০০৭, পৃষ্ঠা ৪৮১)

ইমাম ইবনুল জাওযী (রহ:) [মৃত্যু ৫৯৭ হিজরী] বলেন, আল্লাহর কাছে আশ্রয় চাই আব্দুর রহমান ইবনে আওফ (রা.) যদি হেঁচড়াইয়া জান্নাতে যান তাহলে কে দৌড়াইয়া জান্নাতে যাবে যখন তিনি জান্নাতের সুখবর পাওয়া দশজনের একজন? (তালবীছু ইবলীস, দারুল হাদীস, কায়রো, পৃষ্ঠা ১৮৬)
হারেছ মুহাছেবী আব্দুর রহমান ইবনে আওফ (রা.)এর মাল জমা করা সম্পর্কে নবী (স.)এর স্বপ্ন এ মর্মে যে হাদীস এনেছে তা জাল। হারেছ মুহাছেবী আব্দুর রহমান ইবনে আওফ (রা.)এর মওতের পর ২ সাহাবীর তর্ক সম্পর্কে যে বর্ণনা এনেছে তাও বানোয়াট।
সাহাবীদের সমালোচনা কবীরাহ গুনাহ। নবী করীম (স.) বলেন, **"আল্লাহকে ভয় কর, আল্লাহকে ভয় কর, আমার সাহাবীদের ব্যাপারে। আমার পরে তাঁদেরকে দোষারোপের লক্ষ্য বানাইও না।"** (তিরমিযী)

আলী (রাযিআল্লাহু 'আনহু) সম্পর্কে মিথ্যা

আলী (রা.) সম্পর্কে অনেকে বলেন, নবী (স.) তাকে কিছু গোপন খবর বা এলেম দিয়েছেন। আলী (রাঃ) এর মুরীদ ছিলেন হাসান বসরী (রহ:) আর হাসান বসরী (রহ:)এর এর কাছ থেকে সুফীরা তরীকা লাভ করেন। এসব কথা মিথ্যা। আলী (রাঃ) যখন মারা যান তখন হাসান বসরী (রহ:)এর বয়স মাত্র ১৮ বছর।
এক লোক আলী (রা)এর কাছে এসে বলল, নবী (স.) "আপনাকে কী গোপন খবর দিয়েছেন?" আলী (রা:) খুব গোস্যা হয়ে বললেন, **"নবী (স.) লোকদের থেকে গোপন করে আমাকে কিছুই বলেন নি।"** (মুসলিম)
এখানে উল্লেখ্য যে হাসান বসরী (রহ:) ছিলেন সুন্নতের অনুসারী আলিম। তিনি সুফী ছিলেন না। (তালবীছু ইবলীস, দারুল হাদীস, কায়রো, পৃষ্ঠা ২০৬)
আলী (রা.)কে নাজাফ শহরে দাফন করা হয়েছিল বলে যে কথা বলা হয় তা-ও মিথ্যা। তাকে কুফা শহরে দাফন করা হয়েছিল।

কেউ কেউ বয়ান করেন, আলী (রা.) একদিন বিকালে ঘুমিয়ে ছিলেন। সূর্যে ডুবে যায়। ফলে আলী (রাযিঃ) আসরের সলাত কাযা হয়ে যায়। কিন্তু আল্লাহ ডুবে যাওয়া সূর্যকে আবার আসমানে ফেরত আনেন। আলী (রাযিঃ) আ□রের সলাত পড়েন। এরপর সূর্য ডোবে। মিথ্যা কাহিনী।

রাফেযী শিয়াদের কিতাবে লেখা হয়েছে, আলী জান্নাত ও জাহান্নাম বন্টনকারী। (উসুলে কাফী, ১ম খন্ড, পৃঃ ২৮০)
রাফেযীরা এও বলে, আলী ও ফাতিমাহ (রাঃ) যা ইচ্ছা হারাম করতে পারেন। (উসুলে কাফী, ২য় খন্ড, পৃঃ ৩২৬)

মিথ্যা কথা ও কাহিনী

১. এক বুজুর্গ মওতের ফেরেশতাকে বসিয়ে রেখে নামাজ পড়লেন। (জাকারিয়া সাহারানপুরী, ফাযায়েলে ছাদাকাত, তাবলীগী কতুবখানা, ২০০৭, পৃষ্ঠা ৪৩৮)

২. আব্দুল আযীয দাব্বাগ নামক এক নিরক্ষর ব্যক্তি খুব দীনদার ছিলেন। তিনি না-কি আরবী শুনেই বলতে পারতেন যে; তা কুরআনের আয়াত না হাদীস নবভী না হাদীসে কুদসী ? (জাকারিয়া কান্ধলভী, ফাযায়েলে আমল, ফাযায়েলে জিকর অংশ, তাবলীগী কতুবখানা, ২০০৯, পৃষ্ঠা ২৪৩)
আবু বকর (রা:) কর্তৃক কিতাব পুড়ানোর ঘটনা বয়ান করার পর জাকারিয়া কান্ধলভী বলেন, - - - - - এই রহস্যের দরুনই ইমাম আবু হানিফা (রহঃ) হইতেও হাদীস রেওয়ায়াত খুব কমই শুনা যায়। (ফাযায়েলে আমল, হেকায়াতে সাহাবা অংশ, পৃষ্ঠা ৫৩০)
আবু বকর (রাযিআল্লাহু 'আনহু), ইমাম আবু হানিফা (রহঃ) সহ সকল মুহাদ্দিস হাদীস চিনতে পারতেন না আর নিরক্ষর দরবেশ দাব্বাগ হাদীস চিনতে পারতেন আর এক দরবেশ সরাসরি আল্লাহর নিকট হইতে হাদীছ শুনত। তাহলে এই দরবেশদের ঈমান কি আবু বকর (রা:), ইমাম আবু হানিফা, আহমদ, বুখারী, মুসলিম, তিরমিজী (রহঃ)এদের চেয়েও বেশি ?

৩. মালিক বিন দীনার বললেন, আমাকে এক লাখ দিরহাম দিয়ে দাও। তার বদলে আমি তোমাকে জান্নাতের একটি বাগান দিয়ে দিব। যুবকটি এক লাখ দিরহাম দিলে মালিক বিন দীনার একটি কাগজে দলীল লিখে দিলেন। (জাকারিয়া কান্ধলভী সাহারানপুরী, ফাযায়েলে ছাদাকাত, তাবলীগী কতুবখানা, ২০০৭, পৃষ্ঠা ৪৮৫)

৪ **খাযির বা খিযির (আ:) সম্পর্কে মিথ্যা কথা ও কাহিনী**

সৈয়দ □□□□□ □□□□□ □□□□□ (১৮৯২-) □□□ □□□□□□□ □□□□□ □□□□

□□□□□ □□□□□□, □□□□ □□□□□ গঞ্জ-মুরাদাবাদী বিটিশদের বিরুদ্ধে □□ যুদ্ধে □□□□ □□, হঠাৎ □□□□ □□ থেকে ভেগে □□□ □ □□□ □□□: □□ □□□□-□□ □□□□□ নেহি হেয়, মে দেখ রাহাহু □□□□□ (□:) আংরেজোঁকে □□□ হেয়। (□□□□□□ □□□□, 2□ □□□□□, পৃষ্ঠা- 103)

□□□□□ □□ □□□□□ (□:) সম্পর্কে কুরআন □ □□□□□ কেবল একটি □□□□ উল্লেখ □□□ – □□□ □□□□ মুসা (□:)□□ মোলাকাতের ঘ□□□। □□□□ □□□□□□ □□□□, □□□□□ (□:) লম্বা □□□□□ পেয়েছেন □□ □□□□□ জিন্দা □□□□ □ মর্মে যেসব □□□□□ □□ রেওযায়েত ব□□ □□ □□□ মিথ্যা।
□□□□ □□□□ (□. 253□□)কে □□□□□ (□:)□□ লম্বা □□□□□ সম্ কর্কে স□□□□ □□□ □লে □□□□ □□□□, □□□□□□ □ কেসসা মানুষের মধে প্রচার □□□□□।
□□□□ ইবনুল □□□□□ □□□□□ (□:)□□ লম্বা □□□□□□ □□□□□ □□□□, □ □□□ কুরআনের □□□□□, □□□□ কুরআনে □□□ □□□□□- তোমার পূর্বেও আ□ কোন মানুষকে চিরস্থায়ী □□□□□। তুমি □□□ □□□□ □□□, □□□□□ □□□□ □□ চিরস্থায়ী □□□? (কুরআন ২১:৩৪)

আলেমদের মতামত যাচাই করা প্রত্যেক মুসলিমের জন্য ফরয

নবী (স:) বলেন, **"আমি আমার উম্মতের জন্য ভয় পাচ্ছি পথভ্রষ্ট ইমামদের।"** (তিরমিযী)
হুযায়ফা (রা:) বলেন ঃ আমি নবী (স:)কে বললাম, এই কল্যাণের পরে কি অকল্যাণ আসবে? নবী (স:) বলেন, "হ্যা।" আমি নবী (স:)কে বললাম, এই অকল্যাণের পরে কি কল্যাণ আসবে? নবী (স:) বলেন, **"এই অকল্যাণের পরে কল্যাণ আসবে। তবে তা হবে ধোঁয়াযুক্ত। লোকে আমার সুন্নতকে ছেড়ে দিয়ে অন্য সুন্নত ধরে বলবে এটা আমার সুন্নত।"** আমি নবী (স:)কে বললাম, এই কল্যাণের পরে কি অকল্যাণ আসবে? নবী (স:) বলেন, **"এই কল্যাণের পরে**